চুয়াডাঙ্গায় স্ত্রী ও মেয়ের বিরুদ্ধে হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গায় স্ত্রী ও মেয়ের বিরুদ্ধে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও গলা কেটে মতিয়ার রহমান মতি (৪৮) নামের এক ব্যক্তিকে হত্যার অভিযোগ উঠেছে। নিহত মতিয়ার রহমান মতি চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার কেডিকে ইউনিয়নের দেহাটি গ্রামের মৃত গোলাম হোসেনের ছেলে।

আজ শনিবার (২৬ আগষ্ট) সকাল সাড়ে ৭টার দিকে জীবননগর উপজেলার কেডিকে ইউনিয়নের দেহাটি গ্রামে এই ঘটনা ঘটে। জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম জাবীদ হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কেডিকে ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মজিবর রহমান জানান, মতিয়ার রহমান মতি ফেরি করে ক্রোকারিজ সামগ্রী বিক্রি করতেন। তাকে হত্যার অভিযোগ উঠেছে তার মেয়ে এবং স্ত্রীর বিরুদ্ধে। শনিবার সকালে মেয়ের ধারালো অস্ত্রের আঘাতে তিনি খুন হয়েছেন বলে জেনেছি। অনৈতিক প্রস্তাব দিলে বাবার প্রতি ক্ষিপ্ত হয়ে এ হত্যাকাণ্ড ঘটিয়েছেন বলে দাবি করছেন মা-মেয়ে।

ওসি এস এম জাবীদ হাসান জানান, সকালে খবর পেয়ে নিহতের বাড়ি এসে লাশ উদ্ধার করা হয়। নিহত মতিয়ারের দেহে ধারাল অস্ত্র দিয়ে আঘাতের চিহ্ন আছে। জিজ্ঞাসাবাদের জন্য নিহত মতিয়ার রহমানের স্ত্রী তাসলিমা খাতুন (৪৮) ও মেয়ে ময়না খাতুন (২৫) কে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে। ময়নাতদন্তের পর মৃত্যুর কারণ জানা যাবে। অন্যান্য আইনগত পদক্ষেপ গুলি প্রক্রিয়াধীন রয়েছে।